

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১৫৩

১২/ त्रावञा-वाणिङा (کتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৬. পণ্য সরবরাহ ও মজুতদারি।

بَابِ الْحُكْرَةِ وَالْجَلْبِ

### আরবী

حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيّ الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا أَبُو أَحْمَدَ، حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ عَلِيّ بْنِ سَالِمِ بُنِ قَوْبَانَ، عَنْ عَلِيّ بْنِ الْمُسَيَّبِ، عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ، فَنْ عَلِيّ بْنِ الْمُسَيَّبِ، عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ، قَالَ مَا لَهُ عَلَى الله عليه وسلم - " الْجَالِبُ مَرْزُوقٌ وَالْمُحْتَكِرُ مَلْعُونٌ " .

#### বাংলা

১/২১৫৩। উমার ইবনুল খাত্তাব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমদানী পণ্য সরবরাহকারী ব্যবসায়ী রিয়িক প্রাপ্ত হয় এবং মজুতদার অভিশপ্ত।

### **English**

It was narrated from 'Umar bin Khattab that the Messenger of Allah (ﷺ) said:

"The importer is blessed with provision and the hoarder is cursed."

## ফুটনোট

দারেমী ২৫৪৪, মিশকাত ২৮৯৩, গায়াতুল মারাম ৩২৭।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আলী বিন সালিম বিন সাওবান সম্পর্কে আবু আহমাদ বিন আলী আল-জুরজানী বলেন, এই হাদিস ব্যাতিত তার সম্পর্কে আর কোথাও জানা যায় না। আবু জা'ফার আল-উকায়লী এই হাদিসটিকে ইশারা করে বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। ইমাম বুখারী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪০৭২, ২০/৪৪৬ নং পৃষ্ঠা) ২. আলী বিন যায়দ বিন জুদআন সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল-কাত্তান, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আহমাদ বিন হাম্বল ও ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি নির্ভর্যোগ্য নয়। ইয়াকুব বিন শায়বাহ



বলেন, তিনি সিকাহ সালিহ। আল-আজালী বলেন, কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪০৭০, ২০/৪৩৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন